# স্কুলের জন্য COVID স্মার্ট (দক্ষ) ব্যবস্থাসমূহ

## পরিবারের জন্য তথ্য

আমরা জানি যে শ্রেণীকক্ষে একসাথে থাকা আমাদের শিক্ষার্থীদের শেখার, বৃদ্ধি এবং কল্যাণের জন্য সর্বোত্তম উপায়। এই টার্মে আমরা আমাদের শিক্ষার্থীদের সুস্থতা এবং একটি সামঞ্জস্যপূর্ণ ও উৎপাদনশীল শিক্ষার পরিবেশ – এই উভয় বিষয় দুটিকে অগ্রাধিকার দেওয়ার জন্য বেশ কয়েকটি পদক্ষেপ বাস্তবায়ন করা চালিয়ে যাব।

### অসুস্থ হলে বাড়িতে থাকুন

- আপনার সন্তান যদি অসুস্থ হয় তবে অবশ্যই তাদেরকে বাড়িতে রাখতে হবে। যদি তাদের মধ্যে COVID-19 এর লক্ষণ দেখা যায়, তবে তাদের COVID-19 পরীক্ষা করা উচিত (PCR অথবা RAT)  এবং বাড়িতে নিরাপদে COVID-19 পরিচালনা করার বিষয়ে NSW সরকারের পরামর্শ অনুসরণ করা উচিত (managing COVID-19 safely at home)।
- আপনার সন্তানের কেবল তখনই স্কুলে ফিরে আসা উচিত যখন তারা উপসর্গ মুক্ত হবে।

### টিকাকরণ

- COVID-19 এবং অন্যান্য ভাইরাল অসুস্থতার জন্য টিকা দেওয়া নিজেকে, আপনার পরিবার এবং সম্প্রদায়কে রক্ষা করার সর্বোত্তম উপায়। আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে অনেক অসুস্থতার বিরুদ্ধে লড়াই করতে টিকা একটি নিরাপদ এবং কার্যকর উপায়।
- উপযুক্ত সকল শিক্ষার্থী এবং কর্মীদের তাদের স্বাস্থ্য সুরক্ষার জন্য টিকা নিয়ে হালনাগাদ রাখার জন্য দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়।
- নির্দিষ্ট উদ্দেশ্যে স্কুলে কাজ করে এমন সকল কর্মীদের (schools for specific purposes (SSPs)) COVID-19 এর দুটি টিকা দেওয়া প্রয়োজন অথবা টিকা নেয়া অনুপযুক্ত (কন্ট্রাইন্ডিকেশন) এমন একটি বৈধ চিকিৎসা ব্যবস্থাপত্র থাকা আবশ্যক।

### র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা

- যদি আপনার শিশুর COVID-19 উপসর্গ দেখা দেয় তাহলে র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা (Rapid antigen tests (RATs)) করা উচিত।
- যেসব শিক্ষার্থীর COVID-19 পরীক্ষায় পজেটিভ ফলাফল আসে তাদেরকে স্কুলকে জানানো  এবং NSW হেলথের কাছ থেকে সময়মত পরামর্শ ও সহায়তা পাওয়ার জন্য Service NSW-এর সাথে তাদের পজিটিভ পরীক্ষার ফল নিবন্ধন করতে উৎসাহিত করা হয়।
- প্রাদুর্ভাবের পরিস্থিতিতে নজরদারি পরীক্ষার উদ্দেশ্যে স্কুল র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষার একটি সংরক্ষিত মজুত রাখবে।

### স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা

- শিক্ষার্থীদের সাবান এবং পানি দিয়ে নিয়মিত হাত ধোয়া এবং প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করা হয়।
- স্কুলগুলোর বর্ধিত পরিষ্কার ব্যবস্থা বেশি বেশি স্পর্শ স্থানসমূহ এবং অন্যান্য শক্ত পৃষ্ঠতল, দরজার হাতল, লকার, লাইট সুইচ এবং সিঁড়ির হাতল এবং চলাচলের এলাকায় মনোনিবেশ করবে।

### অবাধে বায়ু চলাচলের ব্যবস্থা

- তাজা বায়ুর অবাধ চলাচল সংক্রমণের ঝুঁকি হ্রাস করার জন্য সবচেয়ে কার্যকর রূপ।
- গরমের মাসগুলোতে, তাপমাত্রার স্বাচ্ছন্দ্যের ভারসাম্য বজায় রাখার জন্য বায়ুচলাচল পদ্ধতির সাথে একত্রে ঠাণ্ডা করার পদ্ধতি ব্যবহার করা হবে।
- সরকারী স্কুলগুলোতে সকল শেখার স্থানে বায়ুচলাচলের যথাযথ মাত্রা নিশ্চিত করার জন্য পরীক্ষা করা হয়েছে এবং যেখানে প্রয়োজন সেখানে বায়ু শোধনকারী (বা এয়ার পিউরিফায়ার) সরবরাহ করা হয়েছে।
- যেখানে সম্ভব সেখানে বাইরের স্থানগুলো ব্যবহার করতে উৎসাহিত করা অব্যাহত থাকবে।

## মাস্ক

- সকল শিক্ষার্থী, কর্মী এবং দর্শনার্থীদের যেখানে সম্ভব মাস্ক পরাকে দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়, বিশেষ করে আভ্যন্তরীণ স্থানে এবং/অথবা যখন শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, এবং যদি তারা COVID-19 এর সংস্পর্শে আসে।
- নির্দিষ্ট উদ্দেশ্যে, সহায়তা ইউনিটের জন্য বা মূলধারার শ্রেণীকক্ষের জন্য স্কুলে থাকা কর্মী, স্বেচ্ছাসেবক এবং অন্যান্য কর্মচারীদেরকে অবশ্যই সর্বদা মাস্ক পরা চালিয়ে যেতে হবে যাতে করে তারা আমাদের ঐ সকল শিক্ষার্থীদেরকে সহায়তা করতে পারে যাদের COVID-19 এ আক্রান্ত হলে গুরুতরভাবে অসুস্থ হওয়ার সম্ভাবনা বেশি।

## দর্শনার্থী

- দর্শনার্থীরা তাদের টিকাকরণের অবস্থা নির্বিশেষে স্কুলগুলোতে উপস্থিত হতে পারেন।
- যেসব দর্শনার্থীরা স্কুল পরিচালনা এবং পাঠ্যক্রম পড়ানোর জন্য নির্দিষ্ট উচ্চ-ঝুঁকিপূর্ণ পরিবেশে শিক্ষার্থীদের সাথে সরাসরি জড়িত থাকে এবং শিক্ষার্থীদের সুস্থতার জন্য যে সকল স্বাস্থ্য সংশ্লিষ্ট কর্মীরা জড়িত থাকে, তাদের মাস্ক পরার প্রয়োজন হতে পারে।

## কার্যক্রম

- স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি মূল্যায়নগুলো ভ্রমণ এবং রাতের স্কুল ক্যাম্পসহ পরিকল্পনা কার্যক্রমের সাথে সংহত করা হবে।
- বাবা-মা এবং পরিচর্যাকারীদের সংস্পর্শের ঝুঁকি সম্পর্কে সচেতন করা হবে এবং নির্দিষ্ট ক্রিয়াকলাপের জন্য অনুমতি দেয়ার প্রয়োজন হবে।

## স্থানীয় পরিস্থিতিতে প্রতিক্রিয়া

- স্কুলগুলো ভাইরাস জাতীয় অসুস্থতার প্রাদুর্ভাব সহ স্থানীয় পরিস্থিতিতে যথাযথভাবে সাড়া দেওয়ার জন্য বিভাগের স্বাস্থ্য, সুরক্ষা এবং স্টাফ ওয়েলবিং কেস ম্যানেজমেন্ট দলের সাথে কাজ করবে।
- কিছু কিছু ক্ষেত্রে, স্কুলগুলো সংক্রমণ বৃদ্ধি বন্ধ করতে সহায়তা করার জন্য একটি সীমিত সময়ের জন্য অস্থায়ীভাবে অতিরিক্ত ব্যবস্থা চালু করতে পারে, যার মধ্যে রয়েছে মাস্ক পরা, অপরিহার্য নয় এমন ক্রিয়াকলাপগুলো স্থগিত করা বা সীমাবদ্ধ করা এবং নির্দিষ্ট গোষ্ঠীগুলোকে দূরবর্তীভাবে শিখতে নির্দেশ দেওয়া।

## দূরবর্তীভাবে শেখা

- দূরবর্তীভাবে শেখার প্রয়োজন এমন শিক্ষার্থীদের সহায়তা করার জন্য স্কুল ডিজিটাল, গাইডেড এবং মুদ্রিত শেখার উপাদানগুলো পাওয়ার ব্যবস্থা অব্যাহত রেখেছে।

## টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার আরও তথ্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে মূল্য দিতে হবে না।

NSW সরকার শিক্ষার্থীদের এবং স্কুলের কর্মীদের নিরাপত্তা এবং সুস্থতাকে অগ্রাধিকার দিয়ে স্কুলের কার্যক্রম অব্যাহত রাখা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।